রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, আগস্ট ৪, ২০২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়

বিদ্যুৎ বিভাগ

প্রজ্ঞাপন

তারিখ: ১২ শ্রাবণ, ১৪২৯ বঙ্গাব্দ / ২৭ জুলাই, ২০২২ খ্রিষ্টাব্দ

এস. আর. ও. নং ২৫৭-আইন/২০২২।—সরকার, বিদ্যুৎ আইন, ২০১৮ (২০১৮ সনের ৭ নং আইন) এর ধারা ৫৯, ধারা ৩১ এর উপ-ধারা (২) এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:—

## প্রথম অধ্যায়

## প্রারম্ভিক

১। **শিরোনাম ও প্রবর্তন**।—(১) এই বিধিমালা প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তরের বিদ্যুৎ লাইসেন্সিং বোর্ড বিধিমালা, ২০২২ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। সংজ্ঞা।— (১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

(ক) “আইন” অর্থ বিদ্যুৎ আইন, ২০১৮ (২০১৮ সনের ৭নং আইন);

(খ) "ইলেকট্রিশিয়ান" অর্থ বিধি ১৪ এর উপ-বিধি (১) এর অধীন লাইসেন্সপ্রাপ্ত কোনো ইলেকট্রিশিয়ান;



মূল্য : টাকা ২৪.০০

(গ) **“চাপ”** অর্থ যে কোনো দুইটি বিদ্যুৎ পরিবাহীর মধ্যে বৈদ্যুতিক বিভবের পার্থক্য যাহার পরিমাপের একক ভোল্ট অথবা পরিবাহীর দুই অংশের বিদ্যুৎ চাপের পার্থক্য, যাহা একটি যথোপযুক্ত ভোল্ট মিটারের সাহায্যে পরিমাপ করা হইবে এবং নিম্নবর্ণিতরূপে হইবে, যথা:—

(অ) **নিম্ন চাপ** অর্থাৎ যখন স্বাভাবিক চাপ (nominal voltage) ৪০০ ভোল্ট;

(আ) **মধ্যম চাপ** অর্থাৎ যখন স্বাভাবিক চাপ ১১০০০ ভোল্ট;

(ই) **উচ্চ চাপ** অর্থাৎ যখন স্বাভাবিক চাপ ৩৩০০০ ভোল্ট; এবং

(ঈ) **অতি উচ্চ চাপ** অর্থাৎ যখন স্বাভাবিক চাপ ১৩২০০০ ভোল্ট বা উহার অধিক;

(ঘ) **"চেয়ারম্যান"** অর্থ বিদ্যুৎ লাইসেন্সিং বোর্ডের চেয়ারম্যান;

(ঙ) **“তফসিল”** অর্থ এই বিধিমালার তফসিল;

(চ) **“পরিশিষ্ট”** অর্থ এই বিধিমালার কোনো পরিশিষ্ট;

(ছ) **"পরীক্ষা"** অর্থ ইলেকট্রিশিয়ান লাইসেন্স বা বৈদ্যুতিক সুপারভাইজার লাইসেন্স প্রদানের উদ্দেশ্যে বোর্ড কর্তৃক গৃহীত পরীক্ষা;

(জ) **“প্রধান বিদ্যুৎ পরিদর্শক”** অর্থ আইনের ধারা ৩১ এর উপ-ধারা (১) এর বিধান অনুযায়ী সরকার কর্তৃক নিযুক্ত প্রধান বিদ্যুৎ পরিদর্শক;

(ঝ) **"বৈদ্যুতিক ঠিকাদার"** অর্থ বিধি ১৭ এর উপ-বিধি (১) এর অধীন লাইসেন্সপ্রাপ্ত কোনো বৈদ্যুতিক ঠিকাদার;

(ঞ) **"বৈদ্যুতিক সুপারভাইজার"** অর্থ বিধি ১৪ এর উপ-বিধি (১) এর অধীন লাইসেন্সপ্রাপ্ত কোনো বৈদ্যুতিক সুপারভাইজার;

(ট) **"বোর্ড"** অর্থ বিধি ৩ এর অধীন গঠিত বিদ্যুৎ লাইসেন্সিং বোর্ড;

(ঠ) **“লাইসেন্স”** অর্থ এই বিধিমালার অধীন ইস্যুকৃত, ক্ষেত্রমত, ইলেকট্রিশিয়ান লাইসেন্স, বৈদ্যুতিক সুপারভাইজার লাইসেন্স বা বৈদ্যুতিক ঠিকাদারি লাইসেন্স;

(ড) **"সদস্য"** অর্থ বোর্ডের কোনো সদস্য;

(ঢ) **“সদস্য সচিব"** অর্থ বোর্ডের সদস্য সচিব; এবং

(ণ) **“স্বীকৃত বিশ্ববিদ্যালয়” বা “স্বীকৃত প্রতিষ্ঠান” বা “স্বীকৃত বোর্ড”** অর্থ আপাতত বলবৎ কোনো আইনের দ্বারা বা আইনের অধীনে প্রতিষ্ঠিত কোনো বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান বা বোর্ড এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে,সরকার কর্তৃক স্বীকৃত বলিয়া ঘোষিত অন্য কোনো বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান বা বোর্ডও ইহার অন্তর্ভুক্ত হইবে।

(২) এই বিধিমালায় যে সকল শব্দ বা অভিব্যক্তি ব্যবহৃত হইয়াছে কিন্তু সংজ্ঞা প্রদান করা হয় নাই, সেই সকল শব্দ বা অভিব্যক্তি আইনে এবং বিদ্যুৎ বিধিমালা, ২০২০-তে যে অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থে প্রযোজ্য হইবে।

## দ্বিতীয় অধ্যায়

## বিদ্যুৎ লাইসেন্সিং বোর্ড গঠন, ইত্যাদি

৩। **বোর্ড গঠন, ইত্যাদি।**—(১) এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তরে নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে বিদ্যুৎ লাইসেন্সিং বোর্ড নামে একটি বোর্ড গঠিত হইবে, যথা:—

(ক) প্রধান বিদ্যুৎ পরিদর্শক, পদাধিকারবলে, যিনি ইহার চেয়ারম্যানও হইবেন;

(খ) বিদ্যুৎ বিভাগ কর্তৃক মনোনীত উহার অন্যূন উপসচিব পদমর্যাদার ২ (দুই) জন কর্মকর্তা;

(গ) বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড কর্তৃক মনোনীত উহার অন্যূন তত্ত্বাবধায়ক প্রকৌশলী পদমর্যাদার ১ (এক) জন কর্মকর্তা;

(ঘ) বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃক মনোনীত উহার অন্যূন তত্ত্বাবধায়ক প্রকৌশলী পদমর্যাদার ১ (এক) জন কর্মকর্তা;

(ঙ) বাংলাদেশ সেনাবাহিনীর ইলেকট্রিক্যাল এন্ড মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং পরিদপ্তর কর্তৃক মনোনীত উহার অন্যূন লেফট্যানেন্ট কর্নেল পদমর্যাদার ১ (এক) জন কর্মকর্তা;

(চ) বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় কর্তৃক মনোনীত উহার তড়িৎ প্রকৌশল বিভাগের অন্যূন সহযোগী অধ্যাপক পদমর্যাদার ১ (এক) জন কর্মকর্তা;

(ছ) কারিগরি শিক্ষা অধিদপ্তর কর্তৃক মনোনীত উহার অন্যূন সহযোগী অধ্যাপক পদমর্যাদার ১ (এক) জন কর্মকর্তা;

(জ) পাওয়ার গ্রিড কোম্পানি অব বাংলাদেশ লিমিটেড কর্তৃক মনোনীত উহার অন্যূন তত্ত্বাবধায়ক প্রকৌশলী পদমর্যাদার ১ (এক) জন কর্মকর্তা;

(ঝ) গণপূর্ত অধিদপ্তর কর্তৃক মনোনীত উহার অন্যূন তত্ত্বাবধায়ক প্রকৌশলী (ই/এম) পদমর্যাদার ১ (এক) জন কর্মকর্তা;

(ঞ) ফেডারেশন অব বাংলাদেশ চেম্বারস অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ (এফবিসিসিআই) কর্তৃক মনোনীত উহার ১ (এক) জন প্রতিনিধি; এবং

(ট) প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তরের জ্যেষ্ঠতম উপ-প্রধান বিদ্যুৎ পরিদর্শক, পদাধিকারবলে, যিনি ইহার সদস্য সচিবও হইবেন।

(২) উপ-বিধি (১) এর দফা (গ) হইতে (ঞ) এ বর্ণিত মনোনীত সদস্যদের কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ইলেকট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং (ইইই) বিষয়ে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রি থাকিতে হইবে।

(৩) যদি কোনো সদস্য মৃত্যুবরণ করেন অথবা চাকরি হইতে অবসর গ্রহণ করেন অথবা যে সংস্থা কর্তৃক মনোনীত হইয়াছিলেন সে সংস্থা হইতে অন্যত্র বদলি হন, অথবা বোর্ডের পরপর দুটি সভায় অনুপস্থিত থাকেন, তাহা হইলে তাহার সদস্যপদ শূন্য হইবে এবং উক্ত শূন্য পদে নূতন সদস্য নিয়োগ করিতে হইবে।

৪। **বোর্ডের কার্যাবলি।**—এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, বোর্ডের কার্যাবলি হইবে নিম্নরূপ, যথা:—

(ক) লাইসেন্স ইস্যু করা;

(খ) পরীক্ষা পরিচালনা করা;

(গ) লাইসেন্স স্থগিত বা বাতিল করা;

(ঘ) লাইসেন্সধারীদের তথ্য রেজিস্টার বা ডিজিটাল রেজিস্টারের মাধ্যমে সংরক্ষণ করা;

(ঙ) বোর্ড কর্তৃক আদায়কৃত সেন্টার ফি'র টাকার আয়-ব্যয়ের হিসাব প্রতি ৩ (তিন) বৎসর অন্তর অন্তর অডিট ফার্ম দ্বারা নিরীক্ষা করিবার পর নিরীক্ষা প্রতিবেদন অনুমোদন করা;

এবং

(চ) সরকার কর্তৃক প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন করা।

৫। **বোর্ডের সভা।**—(১) এই বিধির অন্যান্য বিধান সাপেক্ষে, প্রতি ৩ (তিন) মাস অন্তর অন্তর বোর্ডের সভা অনুষ্ঠিত হইবে:

তবে শর্ত থাকে যে, জরুরি প্রয়োজনে যে কোনো সময় বোর্ডের সভা অনুষ্ঠান করা যাইবে।

(২) বোর্ডের সভা চেয়ারম্যান কর্তৃক নির্ধারিত স্থান, সময় ও তারিখে অনুষ্ঠিত হইবে।

(৩) সভা অনুষ্ঠানের অন্যূন ৭ (সাত) দিন পূর্বে বোর্ডের প্রত্যেক সদস্যের নিকট সভার নোটিশ প্রদান করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, জরুরি প্রয়োজনে, সভা আহ্বানের ক্ষেত্রে তাৎক্ষণিক নোটিশ প্রদান করা যাইবে।

(৪) চেয়ারম্যান বোর্ডের সকল সভায় সভাপতিত্ব করিবেন, তবে তাহার অনুপস্থিতিতে সভায় উপস্থিত সদস্যদের মধ্য হইতে নির্বাচিত কোনো সদস্য উক্ত সভায় সভাপতিত্ব করিবেন।

(৫) চেয়ারম্যান ও সদস্য সচিবসহ অপর ৪ (চার) জন সদস্যের উপস্থিতিতে সভার কোরাম গঠিত হইবে।

(৬) প্রত্যেক সদস্যের একটি করিয়া ভোট থাকিবে এবং উপস্থিত সদস্যগণের সংখ্যা গরিষ্ঠ ভোটে সভায় সিদ্ধান্ত গৃহীত হইবে, তবে ভোটের সমতার ক্ষেত্রে চেয়ারম্যানের দ্বিতীয় তথা নির্ণায়ক ভোট প্রদানের ক্ষমতা থাকিবে।

(৭) বোর্ড সভায় উপস্থিত থাকিবার জন্য বোর্ডের প্রত্যেক সদস্য বোর্ড কর্তৃক নির্ধারিত পরিমাণে সম্মানি প্রাপ্য হইবেন।

৬। **চেয়ারম্যানের দায়িত্ব ও কার্যাবলি।**—চেয়ারম্যান এই বিধিমালা প্রতিপালন নিশ্চিত করিবেন এবং প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তরের যে কোনো কর্মকর্তা ও কর্মচারীকে বোর্ডের কার্যাবলি সম্পাদনের জন্য নির্দেশ প্রদান করিতে পারিবেন।

৭। **সদস্য সচিবের দায়িত্ব ও কার্যাবলি।**—সদস্য সচিবের দায়িত্ব ও কার্যাবলি হইবে নিম্নরূপ, যথা:—

(ক) চেয়ারম্যানের নির্দেশে বোর্ডের সভা আহ্বান করা;

(খ) চেয়ারম্যানের সহিত পরামর্শ করিয়া বোর্ড সভার আলোচ্যসূচি নির্ধারণ করা;

(গ) বোর্ডের সভায় উপস্থাপনের পূর্বে প্রার্থী বা আবেদনকারী কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র যাচাই-বাছাই কার্যক্রম তদারকি করা;

(ঘ) লাইসেন্সের জন্য দাখিলকৃত আবেদনপত্র বোর্ডের নিকট উপস্থাপন করা;

(ঙ) বোর্ডের সকল সভার কার্যবিবরণী লিপিবদ্ধ করা এবং চেয়ারম্যান কর্তৃক স্বাক্ষরিত হইলে উহা সকল সদস্যের নিকট প্রেরণ ও সংরক্ষণ করা;

(চ) চেয়ারম্যানের নির্দেশনা অনুসারে বৈদ্যুতিক সুপারভাইজার লাইসেন্স এবং ইলেকট্রিশয়ান লাইসেন্সের জন্য পরীক্ষার আয়োজন করা;

(ছ) চেয়ারম্যানের নির্দেশনা অনুসারে বোর্ডের হিসাব পরিচালনা ও রক্ষণাবেক্ষণ করা; এবং

(জ) চেয়ারম্যান কর্তৃক, সময় সময়, নির্দেশিত অন্যান্য দায়িত্ব পালন করা।

## তৃতীয় অধ্যায়

## লাইসেন্সের ধরন, পরীক্ষা গ্রহণ, লাইসেন্স ইস্যু, ইত্যাদি

৮। **লাইসেন্সের ধরন।**—(১) ইলেকট্রিশিয়ান লাইসেন্স বা বৈদ্যুতিক সুপারভাইজার লাইসেন্স বা বৈদ্যুতিক ঠিকাদারি লাইসেন্স তিন ধরনের হইবে, যথা:—

(ক) নিম্ন চাপের জন্য সি-শ্রেণি;

(খ) মধ্যম চাপের জন্য বি-শ্রেণি; এবং

(গ) উচ্চ ও অতি উচ্চ চাপের জন্য এ-শ্রেণি।

(২) কোনো ব্যক্তি 'সি' বা 'বিসি' বা 'বি' বা 'এ' বা 'এবি' বা 'এবিসি' শ্রেণির জন্য আবেদন করিতে পারিবে:

তবে শর্ত থাকে যে, 'বি' বা 'এবি'-শ্রেণির আবেদনের জন্য 'সি'-শ্রেণি এবং 'এ'-শ্রেণির আবেদনের জন্য 'বিসি'-শ্রেণির লাইসেন্স প্রাপ্ত হইতে হইবে ।

৯। **পরীক্ষা গ্রহণের জন্য বিজ্ঞপ্তি প্রকাশ।**—(১) বোর্ড, ইলেকট্রিশিয়ান লাইসেন্স বা বৈদ্যুতিক সুপারভাইজার লাইসেন্স পাইবার আগ্রহী প্রার্থীর লিখিত বা মৌখিক ও ব্যাবহারিক যোগ্যতা ও বাস্তব অভিজ্ঞতা যাচাইয়ের লক্ষ্যে বহুল প্রচলিত দুইটি জাতীয় দৈনিক পত্রিকা এবং প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তরের ওয়েবসাইটে, সময় সময়, বিজ্ঞপ্তি প্রকাশ করিবে।

(২) আবেদনপত্র গ্রহণ, যাচাই-বাছাই, পরীক্ষা গ্রহণ এবং লাইসেন্স প্রদানের প্রক্রিয়া বোর্ড কর্তৃক ৯০ (নব্বই) কার্যদিবসের মধ্যে সম্পন্ন করিতে হইবে।

১০। **পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদন**।—বিধি ৯ এর অধীন বিজ্ঞপ্তি প্রকাশের পর বিজ্ঞপ্তিতে উল্লিখিত সময়ের মধ্যে ইলেকট্রিশিয়ান লাইসেন্স বা বৈদ্যুতিক সুপারভাইজার লাইসেন্স পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রত্যেক প্রার্থীকে নির্ধারিত কোডে চালানের  মাধ্যমে তফসিলে উল্লিখিত লাইসেন্স ফি এবং সেন্টার ফি'র টাকা নগদ, মোবাইল ব্যাংকিং বা ব্যাংকে জমা প্রদান করিয়া নিম্নবর্ণিত দলিলাদিসহ অনলাইনে আবেদন করিতে হইবে, যথা:—

(ক) প্রার্থীর সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি;

(খ) প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার সনদপত্র;

(গ) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান বা লাইসেন্স প্রাপ্ত কোনো বৈদ্যুতিক ঠিকাদার কর্তৃক প্রদত্ত অভিজ্ঞতা সনদ;

(ঘ) জাতীয় পরিচয়পত্র; এবং

(ঙ) ফি প্রদান সম্পর্কিত চালানের কপি।

১১। **ইলেকট্রিশিয়ান লাইসেন্সের জন্য প্রার্থীর যোগ্যতা**।—ইলেকট্রিশিয়ান লাইসেন্সের জন্য প্রার্থীর নিম্নবর্ণিত যোগ্যতা থাকিতে হইবে, যথা:—

(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে;

(খ) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে ইলেকট্রিক্যাল ট্রেডের উপর অন্যূন ৬ (ছয়) মাসের প্রশিক্ষণ অথবা কোনো স্বীকৃত প্রতিষ্ঠানে বৈদ্যুতিক কাজে অন্যূন ২ (দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে; এবং

(গ) বয়স সর্বনিম্ন ১৮ (আঠার) বৎসর হইতে হইবে।

১২। **বৈদ্যুতিক সুপার ভাইজার লাইসেন্সের জন্য প্রার্থীর যোগ্যতা**।—(১) বৈদ্যুতিক সুপারভাইজার লাইসেন্সের জন্য প্রার্থীর নিম্নবর্ণিত যোগ্যতা থাকিতে হইবে, যথা:—

(ক) বিএসসি ইঞ্জিনিয়ারিং এর ক্ষেত্রে—

(অ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং ডিগ্রিসহ ইলেকট্রিক্যাল ইনস্টলেশনের কাজে অন্যূন ১ (এক) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে;  অথবা

(আ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ইলেকট্রনিক্স এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, ইনফরমেশন এন্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং, মেকাট্রনিক্স ইঞ্জিনিয়ারিং, ইন্ডাস্ট্রিয়াল এন্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং, মেরিন ইঞ্জিনিয়ারিং বা সিভিল ইঞ্জিনিয়ারিং ডিগ্রিসহ ইলেকট্রিক্যাল ইনস্টলেশনের কাজে অন্যূন ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে;

(খ) ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং এর ক্ষেত্রে—

(অ) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান বা স্বীকৃত বোর্ড হইতে ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং ডিপ্লোমাসহ ইলেকট্রিক্যাল ইনস্টলেশনের কাজে অন্যূন ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে; অথবা

(আ) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান বা স্বীকৃত বোর্ড হইতে ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং, পাওয়ার ইঞ্জিনিয়ারিং, রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং ইঞ্জিনিয়ারিং, সিভিল ইঞ্জিনিয়ারিং, মেরিন ইঞ্জিনিয়ারিং বা কম্পিউটার ইঞ্জিনিয়ারিং ডিপ্লোমাসহ ইলেকট্রিক্যাল ইনস্টলেশনের কাজে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।

(২) উপ-বিধি (১) এ যাহা কিছুই থাকুক না কেন, বৈদ্যুতিক কাজের সাথে সংগতিপূর্ণ নূতন কোনো বিষয়ের প্রকৌশলীদেরকে বৈদ্যুতিক সুপারভাইজার লাইসেন্স পরীক্ষায় অংশগ্রহণের জন্য উপযুক্ত মনে করিলে, বোর্ড অনুমতি প্রদান করিতে পারিবে।

১৩। **ইলেকট্রিশিয়ান লাইসেন্স এবং বৈদ্যুতিক সুপারভাইজার লাইসেন্স পরীক্ষার সিলেবাস।**—(১) বোর্ড, ইলেকট্রিশিয়ানদের যোগ্যতা যাচাইয়ের জন্য পরিশিষ্ট-১ এবং বৈদ্যুতিক সুপারভাইজারদের যোগ্যতা যাচাইয়ের জন্য পরিশিষ্ট-২ এ উল্লিখিত সিলেবাস অনুযায়ী লিখিত বা মৌখিক ও ব্যাবহারিক পরীক্ষা গ্রহণ করিবে।

(২) বোর্ড, সময় সময়, উক্ত সিলেবাস সংশোধন করিতে পারিবে।

১৪। **ইলেকট্রিশিয়ান লাইসেন্স এবং বৈদ্যুতিক সুপারভাইজার লাইসেন্স ইস্যু, নবায়ন, ইত্যাদি।**—(১) বিধি ১৩ এ উল্লিখিত পরীক্ষায় কৃতকার্য প্রার্থীদেরকে, বোর্ড নিম্ন চাপের জন্য সি-শ্রেণি, মধ্যম চাপের জন্য বি-শ্রেণি এবং উচ্চ ও অতি উচ্চচাপের জন্য এ-শ্রেণির ইলেকট্রিশিয়ান লাইসেন্স বা, ক্ষেত্রমত, বৈদ্যুতিক সুপারভাইজার লাইসেন্স ইস্যু করিবে।

(২) বোর্ড উপ-বিধি (১) এর অধীন ইস্যুকৃত সকল ইলেকট্রিশিয়ান লাইসেন্স বা, ক্ষেত্রমত, বৈদ্যুতিক সুপারভাইজার লাইসেন্সের তথ্য রেজিস্টার অথবা ডিজিটাল রেজিস্টারের মাধ্যমে সংরক্ষণ করিবে।

(৩) উপ-বিধি (১) এর অধীন ইস্যুকৃত ইলেকট্রিশিয়ান লাইসেন্স বা বৈদ্যুতিক সুপারভাইজার লাইসেন্সের মেয়াদ হইবে ইস্যুর তারিখ হইতে ১ (এক) বৎসর, এবং তফসিলে উল্লিখিত নবায়ন ফি পরিশোধ সাপেক্ষে, অন্যূন ১ (এক) বৎসর হইতে সর্বোচ্চ ৫ (পাঁচ) বৎসরের জন্য লাইসেন্স নবায়ন করা যাইবে।

(৪) ইলেকট্রিশয়ান লাইসেন্স বা বৈদ্যুতিক সুপারভাইজার লাইসেন্সের নির্ধারিত মেয়াদ অতিক্রান্তের ১ (এক) বৎসরের মধ্যে তফসিলে উল্লিখিত জরিমানা পরিশোধ করিয়া লাইসেন্স নবায়ন করা যাইবে:

তবে শর্ত থাকে যে, ইলেকট্রিশিয়ান লাইসেন্স বা বৈদ্যুতিক সুপারভাইজার লাইসেন্সের নির্ধারিত মেয়াদ অতিক্রান্তের ১ (এক) বৎসরের মধ্যে লাইসেন্স নবায়ন করা না হইলে, তফসিলে উল্লিখিত লাইসেন্স ফি ও প্রতি বৎসরের জন্য বকেয়া নবায়ন ফি পরিশোধ করিয়া লাইসেন্স বৈধ করা যাইবে।

## চতুর্থঅধ্যায়

## বৈদ্যুতিক ঠিকাদারি লাইসেন্স

১৫। **বৈদ্যুতিক ঠিকাদারি লাইসেন্স প্রদানের জন্য বিজ্ঞপ্তি প্রকাশ।**—বোর্ড, বৈদ্যুতিক ঠিকাদারি লাইসেন্স প্রদানের উদ্দেশ্যে, বৈদ্যুতিক ঠিকাদারি যন্ত্রপাতি পরীক্ষার করিবার জন্য বহুল প্রচলিত দুইটি জাতীয় দৈনিক পত্রিকা এবং প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তরের ওয়েবসাইটে, সময় সময়, বিজ্ঞপ্তি প্রকাশ করিবে।

১৬। **বৈদ্যুতিক ঠিকাদারি লাইসেন্সের জন্য আবেদন দাখিল, ইত্যাদি।**—(১) বিধি ১৫ এর অধীন বিজ্ঞপ্তি প্রকাশের পর বিজ্ঞপ্তিতে উল্লিখিত সময়ের মধ্যে বৈদ্যুতিক ঠিকাদারি লাইসেন্স গ্রহণে ইচ্ছুক কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান সরকার নির্ধারিত কোডে চালানের মাধ্যমে তফসিলে উল্লিখিত লাইসেন্স ফি এবং যন্ত্রপাতি টেস্টিং ফিসের টাকা নগদ, মোবাইল ব্যাংকিং বা ব্যাংকে জমা প্রদান করিয়া নিম্নবর্ণিত দলিলসহ বৈদ্যুতিক ঠিকাদারি লাইসেন্সের জন্য অনলাইনে আবেদন করিতে হইবে, যথা:—

(ক) ট্রেড লাইসেন্সের কপি;

(খ) ভ্যাট রেজিস্ট্রেশন সার্টিফিকেটের কপি;

(গ) টি আই এন সার্টিফিকেটের কপি;

(ঘ) মালিক বা ব্যবস্থাপনা পরিচালকের জাতীয় পরিচয়পত্রের কপি;

(ঙ) বৈদ্যুতিক ঠিকাদারি প্রতিষ্ঠানে নিয়োজিত রহিয়াছে মর্মে একজন বৈদ্যুতিক সুপারভাইজারের ঘোষণাপত্র বা অনলাইনে সম্মতি:

তবে শর্ত থাকে যে, মালিক নিজে বৈদ্যুতিক সুপারভাইজার হইলে তাহার জন্য এই দফা প্রযোজ্য হইবে না;

(চ) ফি প্রদান সম্পর্কিত ট্রেজারি চালানের মূল কপি; এবং

(ছ) টেস্টিং যন্ত্রপাতি ক্রয়ের রশিদ।

(২) বৈদ্যুতিক ঠিকাদারি লাইসেন্সের জন্য আবেদনকারী প্রত্যেক ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট আর্থ টেস্টার, ইনসুলেশন টেস্টার এবং ক্লিপ-অন-অ্যাম্পিয়ার মিটার এবং সুরক্ষা সরঞ্জামাদি, যেমন:— হেলমেট, সেফটি বেল্ট ও ইনসুলেটেড হ্যান্ড গ্লোভস থাকিতে হইবে।

১৭। **বৈদ্যুতিক ঠিকাদারি লাইসেন্স ইস্যু, নবায়ন, ইত্যাদি।**—(১) বিধি ১৬ এর অধীন আবেদন প্রাপ্তির পর আবেদনপত্রের সহিত দাখিলকৃত কাগজপত্র যাচাই-বাছাই এবং যন্ত্রপাতি পরীক্ষা করিবার পর উপযুক্ত মনে করিলে, বোর্ড যথাক্রমে, নিম্নচাপের জন্য সি-শ্রেণি, মধ্যম চাপের জন্য বি-শ্রেণি এবং উচ্চ ও অতি উচ্চ চাপের জন্য এ-শ্রেণির বৈদ্যুতিক ঠিকাদারি লাইসেন্স নিম্নবর্ণিত শর্তে ইস্যু করিতে পারিবে, যথা:—

(ক) সকল বৈদ্যুতিক যন্ত্রপাতি স্থাপনার কাজ একজন বৈদ্যুতিক সুপারভাইজারের প্রত্যক্ষ তত্ত্বাবধানে করাইতে হইবে;

(খ) প্রত্যেকটি কাজের জন্য লিখিত চুক্তি করিতে হইবে এবং উক্ত কাজ করিবার পূর্বেই কাজের ধরন, ওয়্যারিং পদ্ধতি, মালিকের নাম ও ঠিকানা, ইত্যাদির পূর্ণ বিবরণ প্রধান বিদ্যুৎ পরিদর্শককে জানাইতে হইবে এবং উক্ত কাজে গুণগত মানসম্পন্ন বৈদ্যুতিক উপকরণ ব্যবহার করিতে হইবে এবং যথাযথভাবে কাজ সম্পাদন নিশ্চিত করিতে হইবে;

(গ) যে কোনো বৈদ্যুতিক স্থাপনার কাজ সম্পন্ন হইবার পর উহার টেস্ট রিপোর্ট প্রধান বিদ্যুৎ পরিদর্শক এবং সংশ্লিষ্ট বিদ্যুৎ সরবরাহ কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে এবং উক্ত টেস্ট রিপোর্টে বৈদ্যুতিক সুপারভাইজারের স্বাক্ষর ও বৈদ্যুতিক ঠিকাদারের প্রতিস্বাক্ষর থাকিতে হইবে;

(ঘ) নিম্নবর্ণিত যে কোনো পরিবর্তনের বিষয়ে বৈদ্যুতিক ঠিকাদারকে ২ (দুই) মাস সময়ের মধ্যে বোর্ডের সদস্য সচিব বরাবর তফসিলে উল্লিখিত ফি পরিশোধ সাপেক্ষে আবেদন করিতে হইবে এবং তৎকর্তৃক লিখিত অনুমোদন গ্রহণ করিতে হইবে, যথা:—

(অ) ব্যাবসায়িক ঠিকানা পরিবর্তনের ক্ষেত্রে পরিবর্তিত ট্রেড লাইসেন্স ও ঠিকানা পরিবর্তন সংক্রান্ত বহুল প্রচারিত একটি জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের কপিসহ আবেদন করিতে হইবে;

(আ) মালিকানা পরিবর্তনের ক্ষেত্রে পরিবর্তিত ট্রেড লাইসেন্স, ওয়ারিশ সার্টিফিকেট, প্রযোজ্য ক্ষেত্রে, বিক্রয় বা হস্তান্তরের দলিল (নোটারিসহ) এবং মালিকানা পরিবর্তন সংক্রান্ত বহুল প্রচারিত একটি জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের কপিসহ আবেদন করিতে হইবে; এবং

(ই) কোম্পানির যে কোনো পরিবর্তনের ক্ষেত্রে পরিবর্তিত ট্রেড লাইসেন্স, মেমোরেন্ডাম অব আর্টিকেলের কপিসহ আবেদন করিতে হইবে।

(২) বোর্ড উপ-বিধি (১) এর অধীন ইস্যুকৃত সকল বৈদ্যুতিক ঠিকাদারি লাইসেন্সের তথ্য রেজিস্টার অথবা ডিজিটাল রেজিস্টারের মাধ্যমে সংরক্ষণ করিবেন।

(৩) উপ-বিধি (১) এর অধীন ইস্যুকৃত বৈদ্যুতিক ঠিকাদারি লাইসেন্সের মেয়াদ হইবে ইস্যুর তারিখ হইতে ১ (এক) বৎসর এবং তফসিলে উল্লিখিত লাইসেন্স ফি পরিশোধ করিয়া প্রত্যেক বৎসরের জন্য উহা নবায়ন করা যাইবে।

(৪) বৈদ্যুতিক ঠিকাদারি লাইসেন্সের নির্ধারিত মেয়াদ অতিক্রান্তের ১ (এক) মাসের মধ্যে তফসিলে উল্লিখিত জরিমানার টাকা পরিশোধ করিয়া বৈদ্যুতিক ঠিকাদারি লাইসেন্স ১ (এক) বৎসরের জন্য নবায়ন করা যাইবে:

তবে শর্ত থাকে যে, বৈদ্যুতিক ঠিকাদারি লাইসেন্সের নির্ধারিত মেয়াদ অতিক্রান্তের ১ (এক) মাসের মধ্যে বৈদ্যুতিক ঠিকাদারি লাইসেন্স নবায়ন করা না হইলে, ঠিকাদারি লাইসেন্সের জন্য তফসিলে উল্লিখিত লাইসেন্স ফি ও প্রতি বৎসরের জন্য বকেয়া নবায়ন ফি একত্রে পরিশোধ করিয়া আবেদন করিয়া বৈদ্যুতিক ঠিকাদারি লাইসেন্স বৈধ করা যাইবে।

## পঞ্চম অধ্যায়

## বিবিধ

১৮। **লাইসেন্সের প্রতিলিপি।**—কোনো লাইসেন্স হারাইয়া গেলে বা নষ্ট হইয়া গেলে সংশ্লিষ্ট লাইসেন্সধারী তফসিলে উল্লিখিত প্রতিলিপি ফি পরিশোধপূর্বক লিখিত আবেদন করিলে, লাইসেন্সের প্রতিলিপি প্রদান করা যাইবে।

১৯। **লাইসেন্স স্থগিত বা বাতিল।**—কোনো লাইসেন্সধারী আইন, বিদ্যুৎ বিধিমালা, ২০২০ বা এই বিধিমালার কোনো বিধান লঙ্ঘন করিলে অথবা লাইসেন্সে উল্লিখিত কোনো শর্ত ভঙ্গ করিলে, বোর্ড, সংশ্লিষ্ট লাইসেন্সধারীকে যুক্তিসংগত শুনানির সুযোগ প্রদান করিয়া, লাইসেন্স স্থগিত বা বাতিল করিতে পারিবে এবং প্রয়োজনে, আইনানুগ ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে এবং এই বিষয়ে বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

২০। **রহিতকরণ।**—(১) Electricity Rules, 1937 এর rule 48(1) এর অধীন জারীকৃত Regulations, অতঃপর উক্ত Regulations বলিয়া উল্লিখিত, এতদ্দ্বারা রহিত হইবে।

(২) উক্তরূপ রহিতকরণ সত্ত্বেও উক্ত Regulations এর অধীন—

(ক) কৃত কোনো কার্য বা গৃহীত কোনো ব্যবস্থা বা জারিকৃত কোনো আদেশ, বিজ্ঞপ্তি বা প্রজ্ঞাপন বা ইস্যুকৃত কোনো নিবন্ধন সনদ বা লাইসেন্স এই বিধিমালার অধীন কৃত, গৃহীত, জারীকৃত বা ইস্যুকৃত বলিয়া গণ্য হইবে; এবং

(খ) চলমান কোনো কার্যক্রম এই বিধিমালার অধীন নিষ্পন্ন করিতে হইবে।

**তফসিল**

[বিধি ১০, বিধি ১৪ এর উপ-বিধি (৩) ও (৪), বিধি ১৬ এর উপ-বিধি (১), বিধি ১৭ এর উপ-বিধি (১)(ঘ), (৩) ও (৪), এবং বিধি ১৮ দ্রষ্টব্য]

**ইলেকট্রিশিয়ান, বৈদ্যুতিক সুপারভাইজার ও বৈদ্যুতিক ঠিকাদারি লাইসেন্স এর জন্য প্রযোজ্য ফি'র তালিকা**

| বিষয় | শ্রেণি | ইলেকট্রিশিয়ান লাইসেন্স | বৈদ্যুতিক সুপারভাইজার লাইসেন্স | বৈদ্যুতিক ঠিকাদারি লাইসেন্স |
|---|---|---|---|---|
| লাইসেন্স ফি | সি | টাকা ৯০ | টাকা ৬০০ | টাকা ১২০০ |
| | বিসি | টাকা ২৪০ | টাকা ১৮০০ | টাকা ৩৬০০ |
| | এবিসি | টাকা ৫৪০ | টাকা ৩৬০০ | টাকা ৮৪০০ |
| নবায়ন ফি | সি | টাকা ৩০ | টাকা ৩০০ | টাকা ৬০০ |
| | বিসি | টাকা ৯০ | টাকা ৭২০ | টাকা ১৮০০ |
| | এবিসি | টাকা ১৮০ | টাকা ১৩২০ | টাকা ৪২০০ |
| জরিমানাসহ নবায়ন ফি | সি | টাকা ৬০ | টাকা ৩৯০ | টাকা ৯০০ |
| | বিসি | টাকা ১২০ | টাকা ৮১০ | টাকা ২১০০ |
| | এবিসি | টাকা ২১০ | টাকা ১৪১০ | টাকা ৪৫০০ |
| প্রতিলিপি ফি | প্রতিটি | টাকা ১৫০ | টাকা ৩০০ | টাকা ৬০০ |
| বৈদ্যুতিক ঠিকাদারি লাইসেন্সের মালিকানা বা ঠিকানা পরিবর্তন ফি | প্রতিটি | - | - | টাকা ৫০০০ |
| সেন্টার ফি/ টেস্টিং ফি | প্রতি শ্রেণি | টাকা ৩০০ | টাকা ৪০০ | টাকা ৬০০ |

**পরিশিষ্ট-১**

[বিধি ১৩ দ্রষ্টব্য]

**ইলেকট্রিশিয়ান লাইসেন্স পরীক্ষার সিলেবাস**

**১। 'সি' শ্রেণির লাইসেন্সের ক্ষেত্রে:**

**(ক) বিদ্যুৎ সম্পর্কিত প্রাথমিক ধারণা:**

ইলেকট্রিসিটির সংজ্ঞা এবং উহার শ্রেণিবিভাগ-বিদ্যুৎ পরিবাহি, অপরিবাহি ও অর্ধপরিবাহি পদার্থের সাথে পরিচিতি-কারেন্ট, ভোল্টেজ, রেজিস্ট্যান্সের সংজ্ঞা এবং উহাদের একক সমূহের নাম, পরিমাপক যন্ত্রের নাম এবং বর্তনীর সাথে সংযোগ করিবার পদ্ধতি - বৈদ্যুতিক বর্তনী বা সার্কিটের সংজ্ঞা এবং উহার প্রকারভেদ-সিরিজ সার্কিট-প্যারালাল সার্কিট, মিশ্র সার্কিট, সিংগেল লাইন ডায়াগ্রাম এবং হাউজ ওয়্যারিং ডায়াগ্রাম সম্পর্কে প্রাথমিক জ্ঞান, বৈদ্যুতিক লোড, লোডের প্রকারভেদ এবং মোট লোড ক্যালকুলেশন সম্পর্কে ধারণা;

**(খ) ওয়্যার ও ক্যাবল:**

ওয়্যার ও ক্যাবলের সংজ্ঞা-পার্থক্য-প্রকারভেদ-পি.ভি.সি (BYA/ BYM/ NYY/ FR/ HT ক্যাবল, ইত্যাদি) ক্যাবলের বৈশিষ্ট্য, সুবিধা, অসুবিধা এবং ব্যবহারের ক্ষেত্র, ফ্ল্যাক্সিবল কর্ড/ফ্ল্যাক্সিবল ক্যাবল, ওয়েদার প্রুফ ক্যাবল ও আরমার্ড ক্যাবলের সুবিধা, অসুবিধা এবং ব্যবহারের ক্ষেত্র-ক্যাবলের জয়েন্ট-জয়েন্টের শ্রেণিবিভাগ এবং জয়েন্ট করিবার পদ্ধতি, ক্যাবলের ফেজ, নিউট্রাল এবং আর্থিং এর কালার কোড সম্পর্কে জ্ঞান;

**(গ) হাউজ ওয়্যারিং:**

হাউজ ওয়্যারিং এর সংজ্ঞা ও শ্রেণিবিভাগ-বিভিন্ন প্রকার হাউজ ওয়্যারিং পদ্ধতি ও উহার সুবিধা, অসুবিধা, ব্যবহার ক্ষেত্র সুইচ, সকেট, সুইচ বোর্ড/ এসডিবি/ ডিবি/এমডিবি/এমসিবি/এমসিসিবি ও জয়েন্ট বক্স – ক্যাবলের সাইজ নির্বাচন এবং ব্যবহারের ক্ষেত্র-ওয়্যারিং এ প্রয়োজনীয় মালামালের তালিকা, বৈদ্যুতিক ওয়্যারিং ডায়াগ্রামে ব্যবহৃত প্রতীক চিহ্ন সম্পর্কে ধারণা, ওয়্যারিং এর কাজ সমাপ্তির পর বিভিন্ন টেস্ট পদ্ধতি, আর্থ রেজিস্ট্যান্স পরিমাপ পদ্ধতি, ইনসুলেশন রেজিস্ট্যান্স পরিমাপের পদ্ধতি, ওয়্যারিং এর কন্টিনিউটি/নিরবিচ্ছিন্নতা পরীক্ষা করিবার পদ্ধতি ও পোলারিটি টেস্ট করিবার পদ্ধতি;

**(ঘ) হাউজহোল্ড এপ্লায়েন্স:**

টিভি, বাতি, পাখা, কম্পিউটার, মাইক্রোওভেন, ওয়াশিংমেশিন, হিটার, কুকার, পাম্পের জন্য ছোট মোটর, বৈদ্যুতিক ঘণ্টা, ইত্যাদির সংযোগ, পরিচালনা ও রক্ষণাবেক্ষণ সম্পর্কে ধারণা;

**(ঙ) সোলার সিস্টেম ও ব্যাটারি:**

সোলার সিস্টেমের মূলনীতি, প্রকারভেদ-সোলার হোম সিস্টেম, অন গ্রিড সিস্টেম, অফ গ্রিড সিস্টেম, প্যানেলের সিরিজ প্যারালেল সংযোগ সম্পর্কে জ্ঞান, সোলার প্যানেল, ইনভার্টার, ব্যাটারি -মূলনীতি, প্রকারভেদ, চার্জিং, ডিসচার্জিং পদ্ধতি, ব্যাটারি সিস্টেম স্থাপন ও সংযোগ পদ্ধতি, হাইড্রোমিটারের ব্যবহার, আইপিএস, ইউপিএস, ইত্যাদি সম্পর্কে ধারণা।

**(চ) আর্থিং:**

আর্থিং এর সংজ্ঞা- প্রয়োজনীয়তা, বিভিন্ন প্রকার আর্থিং করিবার পদ্ধতি, পাইপ আর্থিং ও প্লেট আর্থিং;

**(ছ) সার্ভিস কানেকশন ও বৈদ্যুতিক মিটার:**

সার্ভিস কানেকশনের সংজ্ঞা - শ্রেণিবিভাগ, সার্ভিস কানেকশন করিবার পদ্ধতি, সিঙ্গেল ফেজ ও থ্রি ফেজ মিটার স্থাপন ও সংযোগ প্রদান;

**(জ) সাধারণ হ্যান্ড টুলস, পরিমাপ যন্ত্রপাতি ও সেফটি ডিভাইস:**

ইলেকট্রিশিয়ানের সাধারণ হ্যান্ড টুলসের ব্যবহার, তালিকা প্রস্তুত করা, ব্যবহারের ক্ষেত্র, ভোল্ট মিটার, এমিটার, মাল্টি মিটার, মেগার, আর্থ টেস্টার, ইত্যাদির সংযোগ ও ব্যবহার পদ্ধতি, সেফটি ডিভাইস ব্যবহারের পদ্ধতি ও প্রয়োজনীয়তা;

**(ঝ) নিরাপত্তা বিধি ও অন্যান্য:**

বৈদ্যুতিক কাজে নিরাপত্তা বিধির প্রয়োজনীয়তা - অবশ্য পালনীয় নিরাপত্তা বিধিসমূহ, বৈদ্যুতিক কাজে দুর্ঘটনা সংঘটনের কারণ ও তার প্রতিকার, প্রাথমিক চিকিৎসার প্রয়োজনীয়তা, প্রাথমিক চিকিৎসায় ব্যবহৃত সরঞ্জামাদি ও বৈদ্যুতিক শকপ্রাপ্ত ব্যক্তির প্রাথমিক চিকিৎসা পদ্ধতি।

**২। 'বি' শ্রেণির লাইসেন্সের ক্ষেত্রে:**

**(ক) ডি.সি. জেনারেটর:**

মূলনীতি- গঠন- প্রকারভেদ, ডি. সি. জেনারেটরের প্যারালাল অপারেশন- সংযোগ পদ্ধতি ও রক্ষণাবেক্ষণ;

**(খ) ডি. সি. মোটর:**

মূলনীতি, গঠন, প্রকারভেদ ও ব্যবহার, মোটরের স্টার্টিং মেথড-মোটরের স্পিড কন্ট্রোল – সংযোগ পদ্ধতি - সাধারণ সমস্যা নির্ণয় ও সমাধান;

**(গ) এ. সি. জেনারেটর বা অল্টারনেটর:**

মূলনীতি - বিভিন্ন অংশের নাম, গঠন, ফ্রিকুয়েন্সি নিয়ন্ত্রণ ও ভোল্টেজ নিয়ন্ত্রণ, ল্যাম্প টেস্ট পদ্ধতি, ডি.সি. জেনারেটর এবং এ.সি. জেনারেটরের মধ্যে পার্থক্য, অল্টারনেটের সমান্তরাল অপারেশন ও সংযোগের পদ্ধতি;

**(ঘ) এ. সি. মোটর:**

এ.সি.মোটর -মূলনীতি, বিভিন্ন অংশের নাম, গঠন, প্রকারভেদ ও কার্যপদ্ধতি, বিভিন্ন প্রকার স্টার্টিং পদ্ধতি- স্টার ডেল্টা স্টার্টিং, ডিওএল স্টার্টার, সংযোগ পদ্ধতি,সাধারণ সমস্যা নির্ণয় ও সমাধান পদ্ধতি;

**(ঙ) লিফট, এস্কেলেটর, রেফ্রিজারেটর, এ্যায়ারকন্ডিশনার;**

লিফট/এস্কেলেটর স্থাপন পদ্ধতি- ব্যবহৃত যন্ত্রপাতির নাম ও কাজ, পরিচালনা ও রক্ষণাবেক্ষণ সম্পর্কে ধারণা। রেফ্রিজারেটর/এয়ারকন্ডিশনের মূলনীতি-ব্যবহৃত যন্ত্রাংশের নাম ও কাজ- প্রকারভেদ- পরিচালনা ও রক্ষণাবেক্ষণ সম্পর্কে ধারণা।

**৩। 'এ' শ্রেণির লাইসেন্সের ক্ষেত্রে:**

**(ক) পাওয়ার স্টেশন:**

বাংলাদেশের বিদ্যুৎ উৎপাদন সম্পর্কিত প্রাথমিক জ্ঞান, পাওয়ার স্টেশনের প্রকারভেদ, জেনারেশন হতে ডিস্ট্রিবিউশন পর্যন্ত পাওয়ার সিস্টেম সম্পর্কে ধারণা;

**(খ) সাবস্টেশন/গ্রিড সাবস্টেশন:**

প্রাথমিক ধারণা -সাবস্টেশনে ব্যবহৃত যন্ত্রাদির তালিকা, সাবস্টেশনের রক্ষণাবেক্ষণ, সিঙ্গেল লাইন ডায়াগ্রাম সম্পর্কে ধারণা, শর্ট সার্কিট, রিলে সেটিং, ডিসি সাপ্লাই, আর্থিং, ইত্যাদি সম্পর্কে ধারণা;

**(গ) ট্রান্সফরমার:**

মূলনীতি - বিভিন্ন অংশের বর্ণনা ও প্রকারভেদ, ট্রান্সফরমারের কার্যনীতি, ট্রান্সফরমার ট্যাপিং, ইন্সট্রুমেন্ট ট্রান্সফরমার (পটেনশিয়াল ট্রান্সফরমার, কারেন্ট ট্রান্সফরমার), ট্রান্সফরমারের কুলিং সিস্টেম, ট্রান্সফরমার লস, ইত্যাদি সম্পর্কে ধারণা;

**(ঘ) সুইচ গিয়ার:**

প্রকারভেদ- ব্যবহারের প্রয়োজনীতা, বিভিন্ন প্রকার ফিউজ ও সার্কিটের ব্যবহার ক্ষেত্র নির্ণয় ও সংযোগ পদ্ধতি, শর্ট সার্কিট এবং রিলে সেটিং, ভিসিবি, এমওসিবি, ওসিবি, এসএফ৬, জিআইএস, এলবিএস, এসিবি, এমসিসিবি, এমসিবি সাধারণ সমস্যা নির্ণয় ও সমাধান পদ্ধতি;

**(ঙ) পাওয়ার ফ্যাক্টর ইম্প্রুভমেন্ট (পিএফআই):**

পিএফআই এ ব্যবহৃত যন্ত্রাংশের নাম ও কাজ, লো পাওয়ার ফ্যাক্টরের কারণ ও প্রভাব, পিএফআই এর সুবিধা, পাওয়ার ফ্যাক্টরের মান উন্নয়নের পদ্ধতি;

**(চ) ট্রান্সমিশন ও ডিস্ট্রিবিউশন লাইন:**

এরিয়্যাল লাইন, আন্ডার গ্রাউন্ড লাইন ও সাবমেরিন লাইন স্থাপন পদ্ধতি-ক্যাবল স্থাপন ও জোড়া দেয়া-পাওয়ার ফ্যাক্টর, করোনা ইফেক্ট, স্কিন ইফেক্ট-বিভিন্ন প্রকার ইন্সুলেটরের ব্যবহার পদ্ধতি-ক্রুটি পরীক্ষা করা ও অপরিবাহীকরণের প্রতিবন্ধকতার পরিমাপ করা।

**পরিশিষ্ট-২**

[বিধি ১৩ দ্রষ্টব্য]

**বৈদ্যুতিক সুপারভাইজার লাইসেন্স পরীক্ষার সিলেবাস**

**১। 'সি' শ্রেণির লাইসেন্সের ক্ষেত্রে:**

**(ক) বিদ্যুৎ সম্পর্কিত প্রাথমিক ধারণা:**

ইলেকট্রিসিটি এবং উহার শ্রেণিবিভাগ -বিদ্যুৎ পরিবাহী, অপরিবাহী ও অর্ধপরিবাহী পদার্থের সাথে পরিচিতি, কারেন্ট, ভোল্টেজ, রেজিস্ট্যান্সের সংজ্ঞা এবং উহাদের একক সমূহের নাম, পরিমাপক যন্ত্রের নাম, বৈদ্যুতিক বর্তনী বা সার্কিটের সংজ্ঞা এবং উহার প্রকারভেদ, ওহমের সূত্র, থেভনিন্সের সূত্র, নরটন্স সূত্র, কার্শফের সূত্র, সিরিজ সার্কিট, প্যারালাল সার্কিট, মিশ্র সার্কিট, পাওয়ার, এনার্জির সংজ্ঞা ও উহার একক পরিমাপ পদ্ধতি, এ.সি. কারেন্ট, ফ্রিকোয়েন্সি, থ্রি-ফেজ এসি সার্কিট ও সার্কিটের পাওয়ার নির্ণয়, স্টার এবং ডেল্টা সার্কিট, স্টার ও ডেল্টা সার্কিটের মধ্যে সুবিধা অসুবিধা, স্টার এবং ডেল্টা কানেকটেড সার্কিটের কারেন্ট, ভোল্টেজ ও পাওয়ারের সম্পর্ক, সিংগেল লাইন ডায়াগ্রাম সম্পর্কে জ্ঞান, তার/ক্যাবলের সাইজ নির্ধারণ, বৈদ্যুতিক লোড, লোডের প্রকারভেদ এবং মোট লোড ক্যালকুলেশন সম্পর্কে ধারণা;

**(খ) ওয়্যার ও ক্যাবল:**

ওয়্যার ও ক্যাবলের সংজ্ঞা—পার্থক্য—প্রকারভেদ-পি.ভি.সি ( BYA/BYM/ NYY/FR/HT/LT/Network ক্যাবল, ইত্যাদি) ক্যাবলের গঠন ও বৈশিষ্ট্য, সুবিধা, অসুবিধা এবং ব্যবহারের ক্ষেত্র, ফ্ল্যাক্সিবল কর্ড/ফ্ল্যাক্সিবল ক্যাবল, ওয়েদার প্রুফ ক্যাবল, আরমার্ড ক্যাবল, বিবিটির গঠন, বৈশিষ্ট্য, সুবিধা, অসুবিধা এবং ব্যবহারের ক্ষেত্র- ক্যাবলের জয়েন্ট- জয়েন্টের শ্রেণিবিভাগ ও উহাদের ব্যবহার, - জয়েন্টের বৈশিষ্ট্য এবং জয়েন্ট করিবার পদ্ধতি, ক্যাবলের ফেজ, নিউট্রাল এবং আর্থিং এর কালার কোড সম্পর্কে জ্ঞান;

**(গ) হাউজ ওয়্যারিং:**

হাউজ ওয়্যারিং এর সংজ্ঞা ও শ্রেণিবিভাগ, বিভিন্ন প্রকার হাউজ ওয়্যারিং পদ্ধতি ও এর সুবিধা, অসুবিধা, ব্যবহার ক্ষেত্র -সুইচসকেট -সুইচ বোর্ড/ এসডিবি / ডিবি/ এমডিবি / এমসিবি / এমসিসিবি ও জয়েন্ট বক্স - ইত্যাদির গঠন, বৈশিষ্ট্য, ব্যবহার ক্ষেত্র-ক্যাবলের সাইজ নির্বাচন এবং ব্যবহারের ক্ষেত্র - নেটওয়ার্ক ওয়্যারিং-বৈদ্যুতিক ওয়্যারিং ডিজাইন ও ডায়াগ্রাম অংকন এবং ডায়াগ্রামে ব্যবহৃত প্রতীক/চিহ্ন সম্পর্কে ধারণা, ওয়্যারিং এর কাজ সমাপ্তির পর বিভিন্ন টেস্ট পদ্ধতি, আর্থ রেজিস্ট্যান্স পরিমাপ পদ্ধতি, ইনসুলেশন রেজিস্ট্যান্স পরিমাপের পদ্ধতি, ওয়্যারিং এর কন্টিনিউটি/নিরবিচ্ছিন্নতা পরীক্ষা করিবার পদ্ধতি ও পোলারিটি টেস্ট করিবার পদ্ধতি;

**(ঘ) হাউজহোল্ড এপ্লায়েন্স:**

টিভি, বাতি, পাখা, কম্পিউটার, মাইক্রোওভেন, ওয়াশিংমেশিন, হিটার, কুকার, পাম্পের জন্য ছোট মোটর, বৈদ্যুতিক ঘণ্টা, ইত্যাদির সংযোগ, পরিচালনা ও রক্ষণাবেক্ষণ সম্পর্কে ধারণা;

**(ঙ) সার্ভিস কানেকশন ও বৈদ্যুতিক মিটার:**

সার্ভিস কানেকশনের- সংজ্ঞা, শ্রেণিবিভাগ, সার্ভিসকানেকশন করিবার পদ্ধতি, সিঙ্গেল ফেজ, থ্রি ফেজ মিটার, প্রিপেইড, পোস্ট পেইড, স্মার্ট মিটারিং সিস্টেম স্থাপন ও সংযোগ প্রদান;

**(চ) পরিমাপ যন্ত্রপাতি ও সেফটি ডিভাইস:**

ভোল্ট মিটার, এমিটার, মাল্টি মিটার, মেগার, আর্থ টেস্টার, ইত্যাদির সংযোগ ও ব্যবহার পদ্ধতি, সেফটি ডিভাইস ব্যবহারের পদ্ধতি ও প্রয়োজনীয়তা;

**(ছ) সোলার সিস্টেম ও ব্যাটারি:**

সোলার সিস্টেমের মূলনীতি, প্রকারভেদ -সোলার হোম সিস্টেম, অন গ্রিড সিস্টেম, অফ গ্রিড সিস্টেম, প্যানেলের সিরিজ প্যারালেল সংযোগ সম্পর্কে জ্ঞান, সোলার প্যানেল, ইনভার্টার, ব্যাটারি -মূলনীতি, প্রকারভেদ, চার্জিং, ডিসচার্জিং পদ্ধতি, ব্যাটারি সিস্টেম স্থাপন ও সংযোগ পদ্ধতি, হাইড্রোমিটারের ব্যবহার, আইপিএস, ইউপিএস, ইত্যাদি সম্পর্কে ধারণা;

**(জ) আইন, বিদ্যুৎ বিধিমালা, ২০২০ ও অন্যান্য নিরাপত্তা বিধি:**

আইন ও বিদ্যুৎ বিধিমালা, ২০২০ সম্পর্কে ধারণা, বৈদ্যুতিক কাজে নিরাপত্তা বিধির প্রয়োজনীয়তা - অবশ্য পালনীয় নিরাপত্তা বিধিসমূহ, বৈদ্যুতিক কাজে দুর্ঘটনা সংঘটনের কারণ ও তার প্রতিকার, প্রাথমিক চিকিৎসার প্রয়োজনীয়তা, প্রাথমিক চিকিৎসায় ব্যবহৃত সরঞ্জামাদি ও বৈদ্যুতিক শকপ্রাপ্ত ব্যক্তির প্রাথমিক চিকিৎসা পদ্ধতি।

**২। 'বি' শ্রেণির লাইসেন্সের ক্ষেত্রে:**

**(ক) ডি. সি. জেনারেটর:**

মূলনীতি - গঠন ও বিভিন্ন অংশের বর্ণনা, প্রকারভেদ, সান্ট, সিরিজ ও কম্পাউন্ড জেনারেটর এবং বৈশিষ্ট্য, ইন্টারপোল স্পার্কিং এর কারণ ও প্রতিকার, ক্যমুটেটর, ব্রাশের এডজাস্টমেন্ট ও মেইন্টেন্যান্স, ডি. সি. জেনারেটরের প্যারালাল অপারেশন ও সংযোগ পদ্ধতি;

**(খ) ডি. সি. মোটর:**

মূলনীতি - গঠন ও বিভিন্ন অংশের বর্ণনা, প্রকারভেদ, টর্ক, সান্ট, সিরিজ ও কম্পাউন্ড মোটর এবং বৈশিষ্ট্য, ব্যবহার, স্টার্টিং পদ্ধতি, স্পিড কন্ট্রোল, ৩ পয়েন্ট স্টাটার ও ৪ পয়েন্ট স্টাটার সংযোগ পদ্ধতি, মোটরের প্রোটেকশন পদ্ধতি;

**(গ) এ. সি. জেনারেটর বা অল্টারনেটর:**

মূলনীতি -বিভিন্ন অংশের নাম, গঠন, সিনক্রোনাস রিয়াক্টেন্স, ফ্রিকুয়েন্সি নিয়ন্ত্রণ ও ভোল্টেজ নিয়ন্ত্রণ, সিনক্রোনাইজেশন প্রক্রিয়া ও শর্তাবলি, ল্যাম্প টেস্ট পদ্ধতি, ডি. সি. জেনারেটর এবং এ. সি. জেনারেটরের মধ্যে পার্থক্য, অল্টারনেটরের সমান্তরাল অপারেশন ও সংযোগের পদ্ধতি, অটো ট্রান্সফার সুইচের কার্যপদ্ধতি ও ব্যবহার;

**(ঘ) এ. সি. মোটর:**

মূলনীতি - বিভিন্ন অংশের নাম ও কাজ, বিভিন্ন প্রকার মোটরের গঠন, কার্যপদ্ধতি ও ব্যবহারক্ষেত্র, ভেক্টর ডায়াগ্রাম, ইকুইভেলেন্ট সার্কিট, রেগুলেশন, স্লিপ, বিভিন্ন প্রকার মোটরের স্টার্টিং পদ্ধতি, ডাইরেক্ট অনলাইন স্টার্ট পদ্ধতি, স্টার ডেল্টা স্টার্ট পদ্ধতি, টর্ক ক্যালকুলেশন, মোটরের স্পিড কন্ট্রোল, ভিএফডি, মোটরের সমান্তরাল অপারেশন ও সংযোগ পদ্ধতি,মোটরের প্রোটেকশন পদ্ধতি, মোটরের মেন্টেন্যান্স, রিপেয়ার ও প্রিভেনশন;

**(ঙ) লিফট, এস্কেলেটর, রেফ্রিজারেটর, এয়ারকন্ডিশন:**

লিফট/এস্কেলেটর গঠন, প্রকারভেদ, স্থাপন পদ্ধতি-ব্যবহৃত যন্ত্রপাতির নাম ও কাজ, পরিচালনা ও রক্ষণাবেক্ষণ সম্পর্কে ধারণা, রেফ্রিজারেটর/এয়ারকন্ডিশনের মূলনীতি, গঠন পদ্ধতি- ব্যবহৃত যন্ত্রাংশের নাম ও কাজ - প্রকারভেদ- পরিচালনা ও রক্ষণাবেক্ষণ সম্পর্কে ধারণা।

**৩। 'এ' শ্রেণির লাইসেন্সের ক্ষেত্রে:**

**(ক) পাওয়ার স্টেশন:**

বাংলাদেশের বিদ্যুৎ উৎপাদন সম্পর্কিত প্রাথমিক জ্ঞান, পাওয়ার স্টেশনের প্রকারভেদ, বিভিন্ন প্রকার পাওয়ার স্টেশনের- মূলনীতি, কার্যপদ্ধতি, সুবিধা, অসুবিধা ও তুলনামূলক বিবরণ, জেনারেশন হতে ডিস্ট্রিবিউশন পর্যন্ত পাওয়ার সিস্টেম সিঙ্গেল লাইন ডায়াগ্রাম;

**(খ) সাবস্টেশন/গ্রিড সাবস্টেশন:**

প্রাথমিক ধারণা, প্রকারভেদ -সাবস্টেশনে ব্যবহৃত যন্ত্রাদির তালিকা, সাবস্টেশনের কাজ, সাবস্টেশনের লে-আউট প্লান, সিঙ্গেল লাইন ডায়াগ্রাম অংকন, সাবস্টেশনের রক্ষণাবেক্ষণ, শর্ট সার্কিট, রিলে সেটিং, ডিসি সাপ্লাই, আর্থিং, অতি উচ্চ ও উচ্চ, মধ্যম এবং নিম্ন চাপের ক্ষেত্রে উহাদের নির্বাচন, স্থাপন ও ব্যবহার;

**(গ) ট্রান্সফরমার:**

মূলনীতি -বিভিন্ন অংশের বর্ণনা ও প্রকারভেদ, ট্রান্সফরমারের কার্যনীতি, ট্রান্সফরমারের ক্যাপাসিটি, কানেকশন ও ভেক্টর গ্রুপ, ট্রান্সফরমারের ভোল্টেজ ইক্যুয়েশন, ট্রান্সফরমার রেসিও, পোলারিটি, ভোল্টেজ রেগুলেশন, ফল্ট কারেন্ট নির্ণয়, বিভিন্ন প্রকার লস ও এফিসিয়েন্সি, ট্রান্সফরমার ট্যাপিং, আইডিয়াল ট্রান্সফরমার, অটো ট্রান্সফরমার, টেস্টিং এন্ড ক্যালিব্রেশন অফ ইন্সট্রুমেন্ট ট্রান্সফরমার (পটেনশিয়াল ট্রান্সফরমার, কারেন্ট ট্রান্সফরমার), পাওয়ার ট্রান্সফরমার, ট্রান্সফরমারের প্যারালাল অপারেশনের শর্ত, বুখলস রিলে, ডিফারেন্সিয়াল প্রোটেকশন রিলে, ব্রিদার, ট্রান্সফরমার তেল, ট্রান্সফরমারের কুলিং সিস্টেম, ট্রান্সফরমার সংযোগ, অপারশেন, রক্ষণাবেক্ষণ পদ্ধতি, টেস্টিং এন্ড কমিশনিং অফ ট্রান্সফরমার;

**(ঘ) সুইচ গিয়ার:**

সুইচ গিয়ারের উপাদান, প্রকারভেদ -ব্যবহারের প্রয়োজনীয়তা, বিভিন্ন প্রকার ফিউজ ও সার্কিট ব্রেকারের ব্যবহার ক্ষেত্র নির্ণয় ও সংযোগ পদ্ধতি, শর্ট সার্কিট এবং রিলে সেটিং, ভিসিবি, এমওসিবি, ওসিবি, এসএফ৬, জিআইএস, এলবিএস, এসিবি, এমসিসিবি, এমসিবি, ইত্যাদির গঠন, বৈশিষ্ট্য, কার্যপ্রণালী, স্থাপন, টেস্টিং এন্ড কমিশনিং, সমস্যা নির্ণয় ও সমাধান পদ্ধতি, ডিসি কন্ট্রোল সিস্টেম সম্পর্কে ধারণা;

**(ঙ) পাওয়ার ফ্যাক্টর ইম্প্রুভমেন্ট (পিএফআই):**

পিএফআই এ ব্যবহৃত যন্ত্রাংশের নাম ও কাজ, লো পাওয়ার ফ্যাক্টরের কারণ ও প্রভাব, পিএফআই এর সুবিধা, পাওয়ার ফ্যাক্টরের মান উন্নয়নের পদ্ধতি, ক্যাপাসিটর ব্যাংক ও রেজোন্যান্স সম্পর্কে জ্ঞান, ক্যাপাসিটর ব্যাংক ও ফিল্টার স্থাপন ও সংযোগ প্রদান;

**(চ) ট্রান্সমিশন ও ডিস্ট্রিবিউশন লাইন:**

ওভারহেড লাইন, ওভারহেড লাইনে ব্যবহৃত কন্ডাক্টরের প্রকারভেদ - নির্বাচন পদ্ধতি, তড়িৎ পরিবাহকের স্পেসিং, ক্রস আর্মস, গার্ড ওয়্যারস,স্প্যানের দৈর্ঘ্য, ক্লিয়ারেন্স ফ্রম গ্রাউন্ড এন্ড বিল্ডিং, কম্পোনেন্ট অফ ওভারহেড লাইন, জয়েন্ট পদ্ধতি, স্যাগ পরিমাপ পদ্ধতি, ব্যালান্সার, বুশটার, ডেম্পার, ট্রাভেলিং ওয়েভ, লাইটেনিং এরেস্টর, ইত্যাদির গঠন ও ব্যবহার, ইনসুলেটর - গঠন, প্রকারভেদ, বৈশিষ্ট্য, ব্যবহার, টেস্টিং পদ্ধতি ইত্যাদি সম্পর্কে ধারণা, পোল বা টাওয়ার - শ্রেণিবিভাগ, স্থাপনের বিবেচ্য বিষয়াদি, আর্থিং অফ পোল বা টাওয়ার, এরিয়্যাল লাইন ও আন্ডার গ্রাউন্ড লাইন স্থাপন পদ্ধতি, ক্যাবল স্থাপন ও জোড়া দেয়া, করোনা ইফেক্ট, স্কিন ইফেক্ট, ফ্যারান্টি ইফেক্ট;

**(ছ) আর্থিং ও লাইটেনিং প্রোটেকশন সিস্টেম:**

আর্থিং এর সংজ্ঞা - প্রয়োজনীয়তা, বিভিন্ন প্রকার আর্থিং করিবার পদ্ধতি বর্ণনা, পাইপ আর্থিং ও প্লেট আর্থিং, লাইটেনিং প্রোটেকশন সিস্টেমের গুরত্ব, প্রয়োজনীয়তা, বিভিন্ন প্রকার লাইটেনিং প্রোটেকশন সিস্টেম করিবার পদ্ধতি বর্ণনা।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**বি. এম. রুহুল আমিন রিমন**
সিনিয়র সহকারী সচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
হাছিনা বেগম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd